ফাতওয়া নাম্বার:২৮৯ প্রকাশকালঃ০৭-১০-২০২২ ইং

ঈদের চাঁদ দেখার পূর্বেও কি সাদাকাতুল ফিতর আদায় করা যায়?

প্রশ্নঃ

ঈদের চাঁদ দেখার আগেই সাদাকাতুল ফিতর আদায় করলে আদায় হবে কি? যদি হয়, তাহলে এর পক্ষে দলীল বা যৌক্তিক কারণ কী, জানালে অনেক উপকৃত হবো।

উত্তরঃ

بسم الله الرحمن الرحيم

الحمد لله وسلام على عباده الذين اصطفى. اما بعد:

সাদাকাতুল ফিতর ঈদের দিন ঈদগাহে যাওয়ার আগে আগে আদায় করা মুস্তাহাব।

সহীহ বুখারীতে এসেছে,

عن ابن عمر رضي الله عنهما : أن النبي صلى الله عليه وسلم أمر بزكاة الفطر قبل خروج الناس إلى الصلاة. -صحيح البخاري (2/ 547)، الرقم: 1438، ط. دار ابن كثير ، اليمامة – بيروت

"ইবনে উমর (রাযি) থেকে বর্ণিত; তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লোকজন ঈদের নামাযের উদ্দেশ্যে বের হওয়ার পূর্বে সাদাকাতুল ফিতর আদায় করার নির্দেশ দিয়েছেন।" -সহীহ বুখারী, হাদীস : ১৪৩৮

অবশ্য কেউ যদি ঈদের চাঁদ দেখার পূর্বেই সাদাকাতুল ফিতর আদায় করে দেয়, তাও আদায় হয়ে যাবে। বিষয়টি সাহাবায়ে কেরামের আমল দ্বারা প্রমাণিত।

এক হাদীসে এসেছে,

عن نافعٍ عن ابن عُمَرَ، قال: أمَرَنا رسولُ الله – صلَّى الله عليه وسلم – بزَكاةِ الفِطْرِأن تُؤدَّى قبلَ خروجِ النَاسِ إلى الصَّلاة، قال: فكان ابنُ عمر يُؤديها قبلَ ذلك باليومِ واليومين. – سنن أبي داود ت الأرنؤوط (54/3)، قال الشيخ شعيب الارنؤوط: اسناده صحيح. اهـ

"নাফে (রহ)-এর সূত্রে ইবনে উমর(রাযি) থেকে বর্ণিত,তিনি বলেন,রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে; লোকেরা ঈদের নামাযের জন্য বের হওয়ার আগে সাদাকাতুল ফিতর আদায়ের নির্দেশ দিয়েছেন। নাফে (রহ) বলেন, ইবনে উমর (রাযি) ঈদুল ফিতরের এক-দুই দিন আগেই সাদাকাতুল ফিতর আদায় করে দিতেন।" -সুনানে আবু দাউদ: ১৬১০

সহীহ বুখারীর এক বর্ণনায় এসেছে,

وكانوا يعطون قبل الفطر بيوم أو يومين. –صحيح البخاري (2/ 549)، الرقم: 1440، ط. دار ابن كثير، اليمامة – بيروت

"সাহাবায়ে কেরাম ঈদুল ফিতরের এক-দুই দিন পূর্বেই (সাদাকাতুল ফিতর) আদায় করে দিতেন।" -সহীহ বুখারী: ১৫১১

অবশ্য আগে আদায় করলেও রমযানের শেষ দিকে আদায় করা উচিত। যাতে গরীবদের ঈদের প্রয়োজন পূরণে সহায়তা হয়।

-ফাতহুল বারী: ৩/৩৭৬; উমদাতুল কারী: ৯/১১১, ১১৮-১২০; বাদায়িউস সানায়ি: ২/২০৭; আলবাহরুর রায়িক: ২/২৭৫; রদ্দুল মুহতার: ৩/৩২২

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২৭-০২-১৪৪৪ হি.

২৪-০৯-২০২২ ঈ.